...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
প্রশাসন শাখা

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	নাসরীন আফরোজ ব্যবস্থাপনা পরিচালক
সভার তারিখ	২০ ফেব্রুয়ারি ২০২০
সভার সময়	বিকাল ০৩.০০ টায়
স্থান	ট্রাস্টের সম্মেলন কক্ষ
উপস্থিতি	"ক"

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন গত ১৫ জানুয়ারি ২০২০ তারিখে ট্রাস্টি বোর্ডের ১০ম সভা এবং ১৬ ফেব্রুয়ারি ২০২০ তারিখে অনুষ্ঠিত উপদেষ্টা পরিষদের ৬ষ্ঠ সভা সফলভাবে সম্পন্ন করার জন্য সভাপতি সকলের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন।

২। সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক, (প্রশাসন) গত ২০ জানুয়ারি ২০২০ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

৩। সভায় বিভিন্ন বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রম	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	বৈদেশিক প্রশিক্ষণের ক্ষেত্রে পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের বিষয়ে আলোচনা হয়।	পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের বিষয়ে PPR-২০০৮ ও PPA-২০০৬ এর আলোকে কাজ করার জন্য CPTU এর সাথে যোগাযোগ করতে হবে।	সহকারী পরিচালক (উপবৃত্তি) এবং প্রোগ্রামার
২.	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের সহকারী পরিচালক (প্রশাসন) সভা-কে অবহিত করেন যে, ট্রাস্টের কর্মকর্তা/কর্মচারীদের অবসরভাতা তহবিল গঠনের প্রস্তাব পেনশন পরিকল্পের মধ্যে অন্তর্ভুক্ত করে পরিকল্পটি প্রায় চূড়ান্ত করা হয়েছে। এ বিষয়ে অভিজ্ঞতাসম্পন্ন পেশাজীবী ব্যক্তির নিকট উপস্থাপনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাবেক অতিরিক্ত সচিব জনাব মোহাম্মদ ফিরোজ মিয়াকে পরিকল্পটি দেখানোর সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক (প্রশাসন)

৩.	ব্যবস্থাপনা পরিচালক জানান, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের জন্য বিভিন্ন ক্যাটাগরির পদ সৃজনের নোট যথাযথভাবে লেখা হয়নি। নোট লেখার সঠিক পদ্ধতি অনুসরণ করে দ্রুত পদ সৃজনের প্রস্তাব প্রেরণের বিষয়ে আলোচনা হয়।	আগামী এক সপ্তাহের মধ্যে পদ সৃজনের জন্য সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)
৪.	ট্রাস্টের প্রোগ্রামার জানান, বিগত মাসে ই-নথি কার্যক্রমে ট্রাস্টের অবস্থান ছিল ৪১তম। সভাপতি এতে সন্তোষ প্রকাশ করেন।	ই-নথি কার্যক্রমে অগ্রগতির এ ধারা অব্যাহত রাখতে হবে।	ট্রাস্টের সকল কর্মকর্তা
৫.	এ যাবৎ ট্রাস্টে যেসব প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে সেসব প্রশিক্ষণে অংশগ্রহণের পর কর্মকর্তা/কর্মচারীদের জ্ঞান বা দক্ষতার কতটুকু অগ্রগতি হয়েছে তা মূল্যায়ণ করার বিষয়ে আলোচনা হয়।	আগামী সপ্তাহে একটি লিখিত পরীক্ষার মাধ্যমে কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন করা হবে।	উপ-পরিচালক
৬.	গত ০৮ জানুয়ারি ২০২০, ০৮ ফেব্রুয়ারি ২০২০ এবং ১৫ ফেব্রুয়ারি ২০২০ তারিখে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব, মহোদয় ট্রাস্ট কার্যালয়ে এসেছেন। উক্ত দিনগুলো শনিবার থাকায় সাপ্তাহিক ছুটির কারণে কিছু কর্মকর্তা/কর্মচারী অফিসে উপস্থিত ছিলেন না। সচিব মহোদয় দাপ্তরিক প্রয়োজনে যখনই অফিসে আসবেন ট্রাস্টের সকল কর্মকর্তা কর্মচারীর উপস্থিত থাকার বিষয়ে সভাপতি গুরুত্ব আরোপ করেণ।	ভবিষ্যতে সচিব মহোদয় যখনই অফিসে আসবেন ট্রাস্টের সকল কর্মকর্তা/কর্মচারীকে বাধ্যতামূলকভাবে অফিসে উপস্থিত থাকতে হবে। এ সংক্রান্ত একটি অফিস আদেশ জারি করা হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)
৭.	২০১৯-২০ অর্থ বছরের মধ্যে "শিক্ষা সহায়তা ব্যবস্থাপনা" বিষয়ক ২২ (বাইশ) টি কর্মশালা সমাপ্ত করার বিষয়ে আলোচনা হয়।	বিদ্যমান অর্থ বছরের মধ্যে কর্মশালাগুলো সমাপ্ত করতে হবে এবং ঢাকার বাইরে প্রত্যেক কর্মশালায় কর্মকর্তাদের সাথে একজন করে কর্মচারী যাবেন।	সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
৮.	ট্রাস্টের কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য আরো কিছু প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা হয়।	কম্পিউটার বিষয়ক মৌলিক প্রশিক্ষণ, আর্থিক ব্যবস্থাপনা, PPR-২০০৮ এবং PPA-২০০৬ এর উপর প্রশিক্ষণ কার্যক্রম অনুষ্ঠিত হবে।	সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এবং প্রোগ্রামার
৯.	২০১৯-২০ অর্থবছরে ক্রয় পরিকল্পনা অনুযায়ী সকল প্রকার ক্রয় বিশেষ করে কম্পিউটার সামগ্রী ক্রয়ের কাজ সমাপ্ত করার বিষয়ে আলোচনা হয়।	যাচাই বাছাই করে প্রয়োজনীয় কম্পিউটর ও স্টেশনারি সামগ্রী ক্রয়ের কাজ সমাপ্ত করতে হবে।	সহকারী পরিচালক (অর্থ ও হিসাব) এবং সহকারী পরিচালক (প্রশাসন)

১০.	দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের ভর্তি নিশ্চিতকরণ এবং দুর্ঘটনায় আহত শিক্ষার্থীদের আর্থিক সহায়তার চেক সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবর পাঠিয়ে দেয়া হলেও বিভিন্ন জেলা থেকে চেক গ্রহণ করা হচ্ছে না মর্মে জানা যায়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	ভবিষ্যতে আর্থিক সহায়তা প্রদানের জন্য প্রার্থী চূড়ান্তকরণের ক্ষেত্রে অধিকতর যাচাই বাছাই ও সতর্কতা অবলম্বন করতে হবে।	সহকারী পরিচালক (উপবৃত্তি)
১১.	অডিট বিষয়ক কাজের অগ্রগতি সম্পর্কে আলোচনা হয়।	আগামী ০১ (এক) মাসের মধ্যে অডিটের কাজ সমাপ্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক (অর্থ ও হিসাব)
১২.	ট্রাস্ট অফিসের সার্বিক পরিস্কার পরিচ্ছন্নতার বিষয়ে আলোচনা হয়। সভাপতি বলেন, অফিসের বিভিন্ন স্থানে প্রায়শই ময়লা আবর্জনা পড়ে থাকতে দেখা যায়। এ রকম অপরিচ্ছন্ন পরিবেশে মশার উপদ্রব বেড়ে যায়। এ ছাড়া টবের গাছগুলোর নিয়মিত পরিচর্যা না হওয়ায় তিনি অসন্তোষ প্রকাশ করেন।	ক) প্রত্যেক শাখা কর্মকর্তা তার নিজ কক্ষের পরিস্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করবেন। সহকারী পরিচালক (প্রশাসন) পরিচ্ছন্নতা কর্মীর উপস্থিতি নিশ্চিতকরবেন। খ) টবের গাছগুলোর নিয়মিত পরিচর্যা করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)

নাসরীন আফরোজ
ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০১.০৬.০০২.১৮.৩৬

তারিখ: ১৪ ফাল্গুন ১৪২৬
২৭ ফেব্রুয়ারি ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
২) উপ-পরিচালক, উপ-পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৩) সহকারী পরিচালক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৪) সহকারী পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৫) সহকারী পরিচালক , প্রশাসন শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৬) সহকারী পরিচালক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৭) প্রোগ্রামার , এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৮) সহকারী প্রোগ্রামার , এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৯) হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১০) ব্যক্তিগত সহকারী, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১১) ব্যক্তিগত সহকারী, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১২) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৩) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৪) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১৫) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১৬) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১৭) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১৮) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

RJahan

রেজওয়ানা আক্তার জাহান

সহকারী পরিচালক